



তোমাদের যা কিছু আছে

কাইউম পারভেজ

এই মহামারী করোনা ছিল না সেদিন
তবে - দিনগুলি ছিল আরো অনেক ভয়াবহ।
মানুষের লাশ ভক্ষণ করতে শেয়াল কুকুর।
একটু পরে কি হবে! - কাল তবে কি হবে!
ঈশ্বর ছাড়া কেই বা তা জানতো?
বাতাসে মরা মানুষ আর বারুদের গন্ধ
পরাণের ধুক ধুকটা বাড়তেই থাকতো।
মরণ তুই কি এলি? চমকটা অহরহ
দিনগুলি ছিল আরো অনেক - অনেক ভয়াবহ।

সেই একাত্তরের দিনগুলি...

এই মহামারী করোনা ছিলনা সেদিন
বঙ্গবন্ধু ছিল না স্বশরীরে কোথাও কারো সাথে
শরণার্থী শিবির কিম্বা কোন যুদ্ধের প্রান্তরে।
আমাদের সাথে ছিল - 'তোমাদের যা কিছু আছে তাই নিয়ে
শত্রুর মোকাবেলা করতে হবে।'
এই মহামারী করোনার দিনেও তিনি নেই - শুধু আছে -
'তোমাদের যা কিছু আছে তাই নিয়ে
শত্রুর মোকাবেলা করতে হবে।'

কে বলে তিনি চলে গেছেন।

তিনি আছেন পান পাতার মত ভাঁজে ভাঁজে
আদ্র অন্তরের বিড়ায়।

নয়ন জলে ভিজিয়ে রাখা শুধু পনেরো আগষ্টে নয়
তিন শত পঁয়ষট্টি দিন নিশিদিন সকাল সন্ধ্যায়।

যখনই এসেছে দুঃসময়

সঠিক সিদ্ধান্তের সঠিক সে সময়

তিনি আছেন ছিলেন - 'তোমাদের যা কিছু আছে তাই নিয়ে
এগুতে হবে জয়-বাংলায়।



করোনা তোমায় চলে যেতে হবে
এ তাঁর গড়া দেশ
তিরিশ লক্ষ করোটির বুননী অসীম সাহসী দেশ।
একাত্তরের জয়ী যেমন এবারও তেমন করে
জিতে যাবে দেখো "ভায়েরা আমার"
ঈশ্বরের নাম ধরে।